# RECALL

Second Edition 2022



MIDNAPORE CITY COLEGE
KUTURIA * BHADUTALA * PASCHIM MEDINIPUR
721129 * WEST BENGAL

মুখ্য সম্পাদক ঃ

ড . অর্পিতা রাজ

ড . রাকেশ জানা

ড . রাজকুমার বেরা

সম্পাদক মণ্ডলী ঃ

অধ্যাপক প্রশান্ত কুমার ঘাঁটা

অধ্যাপক অভিষেক চক্রবর্তী

অধ্যাপক বিশ্বজিৎ মল্লিক

অধ্যাপক অভি কোলে

অধ্যাপক স্বপন হাজরা

অধ্যাপক সমর দাস

অধ্যাপক সৌমেন ঘোষ

অধ্যাপিকা ড . শ্রাবণী প্রধান

অধ্যাপিকা ড . সঙ্গীতা মাইতি (দত্ত)

অধ্যাপিকা শুচিস্মিতা রায়

অধ্যাপক ড . সব্যসাচী পাল

রামশেখর মুখার্জি

সহকারি নিবন্ধক অভিষেক দাস

অধ্যাপক ড . অভিষেক ঘোষ

অধ্যাপক শ্রীমন্ত সাঁতরা

অধ্যাপক শিশির ঘোড়াই

অধ্যাপিকা ড. অনুলিনা মান্না

প্রচ্ছদ পট ঃ

ড . রাকেশ জানা

ভাবনায় – ড .রাজকুমার বেরা

অলংকরণে – প্রশান্ত কুমার ঘাঁটা

- সুমন মল্লিক

# নিবেদন

মেদিনীপুর সিটি কলেজ 'বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ের অন্তর্গত একটি উল্লেখযোগ্য ও ব্যতিক্রমী স্নাতক এবং স্নাতকোত্তর মহাবিদ্যালয়। এই মহাবিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের সুদৃঢ় ভবিষ্যতের দিশাকে সামনে রেখে এগিয়ে চলেছে। এই মহাবিদ্যালয়ের সহযোগিতায় যে সমস্ত ব্যাক্তি ও প্রতিষ্ঠান এগিয়ে এসেছেন, তাঁদের সকলকেই মহাবিদ্যালয়ের পক্ষ থেকে শ্রদ্ধা, কৃতজ্ঞতা ও অভিনন্দন জানাই।

***Professor Sibaji Pratim Basu***
Vice-Chancellor
Vidyasagar University
Midnapore - 721102

**VIDYASAGAR UNIVERSITY**

**Date: 13.09.2022**

## MESSAGE

I am happy to learn that the 2nd edition of *Recall*, the College Magazine of Midnapore City College, Bhadutala, Paschim Medinipur, is going to be published on 23rd September, 2022.

I commend this collective endeavour which reflects the positive role played by the institution through various activities carried out during the entire academic session.

I extend my greetings and good wishes on the occasion.

**(Professor Sibaji Pratim Basu)**

**Dr. Kuntal Ghosh,**
**Teacher-In-Charge,**
**Midnapore City College,**
**Kuturiya, Bhadutala,**
**Paschim Medinipur – 721 129**

Website : www.vidyasagar.ac.in
E-mail : vcconfidential@mail.vidyasagar.ac.in / vc@mail.vidyasagar.ac.in
Telefax : (03222) 275329

**VIDYASAGAR UNIVERSITY**
P.O. : Vidyasagar University, Midnapore - 721 102, Dist.: Paschim Medinipur,
West Bengal, INDIA.

Dated : 13.09.2022

## MESSAGE

I am very happy to learn that the Midnapore City College, Kuturiya, Bhadutala, Midnapore in the District of Paschim Medinipur, affiliated to Vidyasagar University, is going to publish the 2nd edition of College Magazine, namely, "Recall" on 23rd September, 2022 in the college premises. I extend my best wishes to the College Authority and other associated members for taking necessary steps for the publication of such magazine which will be inspired to the teachers, students and others.

I hope that the programme for publication of the magazine **"Recall"** will be a grand success.

VIDYASAGAR UNIVERSITY 721102 W.B. Midnapore

13/09/22

**( Dr. J. K. Nandi )**
*Registrar.*
Registrar
Vidyasagar University
Midnapore - 721102
West Bengal, India

**To**
**Dr. Kuntal Ghosh**
**Teacher-in-Charge,**
**Midnapore City College**
**Kuturiya, Bhadutala,**
**Midnapore,**
**Dist. : Paschim Medinipur,**
**Pin : 721 129.**

Telephone : (03222) 298220, Fax : (03222) 275297 / 275329
e-mail : registrar@mail.vidyasagar.ac.in / regis_admin@mail.vidyasagar.ac.in

# অধিকর্তার কলমে

মেদিনীপুর সিটি কলেজ আজ পঞ্চম বর্ষে পদার্পণ করেছে, চলমান সময়ের ধারা বেয়ে তা বহমান হয়ে চলেছে। নানা প্রতিকুলতা ও প্রতিবন্ধকতা কাটিয়ে এই মহাবিদ্যালয় তার সুনাম বজায় রেখে 'এডুকেশন ওয়ার্ল্ড'- এর সমীক্ষা অনুসারে পশ্চিমবঙ্গের দশম স্থান ও ভারতে চুয়ান্ন তম স্থান অধিকার করেছে। করোনা পৃথিবীর সর্বত্র প্রভাব ফেলেছে, শিক্ষাজগতেও তার প্রভাব ভয়ঙ্কর। এরই মাঝে এই কলেজের দ্বিতীয় বার কলেজ পত্রিকা *RECALL* প্রকাশিত হচ্ছে । পত্রিকার সার্বিক সাফল্য আমি কামনা করি। পত্রিকার সঙ্গে সংশ্লিষ্ট সকল ছাত্র-ছাত্রী, অধ্যাপক ও অধ্যাপিকাবৃন্দকে আমার পক্ষ থেকে শারদোৎসবের শুভেচ্ছা ও অভিনন্দন। সর্বোপরি এই পত্রিকার সম্পাদক মণ্ডলীকে অভিনন্দন ছাত্র-ছাত্রীদের সৃজনশীল প্রতিভার বিকাশকে এমন সুন্দর রূপ দেওয়ার জন্য।



**ড . প্রদীপ ঘোষ**
**অধিকর্তা**
**মেদিনীপুর সিটি কলেজ**
**ভদুতলা, পশ্চিম মেদিনীপুর**

## ভারপ্রাপ্ত অধ্যক্ষের কলমে

একটি পরিশ্রমী শিল্প মাধ্যম সার্থকতার নেপথ্যে প্রদীপ জ্বালাবার আগে সলতে পাকানোর মতো একটা গুরুত্বপূর্ণ কাজ থাকে। আমাদের 'RE-CALL' পত্রিকার সম্পাদক মণ্ডলী সেটা সকলের সহযোগিতা ও সাহচর্যে দায়িত্বের সাথেই করেছেন। মেদিনীপুর সিটি কলেজে দ্বিতীয় বার্ষিক পত্রিকা প্রকাশিত হচ্ছে। সে জন্য সবাইকে আন্তরিক ধন্যবাদ। প্রতিটি লেখা বিশেষ আঙ্গিক প্রধান হলেও, এই আঙ্গিক চর্চা আসলে বিষয়ের চর্চা। ফেলে আসা সময়, শব্দ ভাবনার বুননে সৃষ্টি হয়েছে এক নতুন প্রেক্ষাপট। সহজাত ক্ষমতায় ছাত্র-ছাত্রী, অধ্যাপক-অধ্যাপিকারা এই পত্রিকাকে সমৃদ্ধ করেছেন নতুন ভাবে। অভিনন্দন জানাই কলেজের অধিকর্তা মাননীয় প্রফেসর ড. প্রদীপ ঘোষ মহাশয়কে যিনি সর্বদাই কলেজের প্রতিটি সৃজনশীল কর্মের অনুপ্রেরণা দেন। 'RE-CALL' পত্রিকার উত্তরোত্তর সাফল্য ও প্রতিভার বিকাশ হোক- এই কামনা করি।

**ড. কুন্তল ঘোষ**
**ভারপ্রাপ্ত অধ্যক্ষ**
**মেদিনীপুর সিটি কলেজ**

## *সম্পাদকীয় কলমে*

করোনার মতো প্রাকৃতিক বিপর্যয় আর নেই; নিম্নচাপের আবহাওয়া আর নেই। সমস্ত দুর্যোগের মেঘ সরিয়ে জানালা দিয়ে ঢুকেছে ঝলমলে শরৎ-রোদ্দুর। আকাশ জুড়ে উৎসবের মাদকীয় আবহ। বাঙালিরা প্রস্তুত তার শ্রেষ্ঠ উৎসব দুর্গোৎসবের জন্য। পুজো মানেই কেবল হুল্লোড়, আড্ডা, খাওয়াদাওয়া নয়; অনেকে ভালোবাসেন সাহিত্যচর্চাও। না এটা কোন পুজোসংখ্যা নয়; তবে ছুটির অবসরে একটু সাহিত্যচর্চা মনকে ভিন্নতার স্বাদ দেয়। আসলে এতদিন পৃথিবী ধ্বংসের অশনি-সংকেতে, মানুষের বেঁচে থাকা যেখানে দায়; সেখানে প্রাণের আবেগ ও জীবন উচ্ছ্বাসে, সৃজনশীল সাহিত্য রচনা দুরস্ত। এই সবকিছু থমকে থাকার মাঝখানে নতুন করে শুরু করার প্রচেষ্টা এই পত্রিকা।

Recall পত্রিকার দ্বিতীয় সংখ্যায় যেসব ছাত্র-ছাত্রী, অধ্যাপক-অধ্যাপিকা'রা লেখা দিয়েছেন তাঁদের আন্তরিক অভিনন্দন ও শুভেচ্ছা। আমরা তাঁদের সর্বাঙ্গীন সাফল্য কামনা করি। এই পত্রিকায় কবিতা, গল্প, প্রবন্ধ, রম্য রচনা প্রভৃতি নানা বিভাগ রয়েছে। এই মননশীল ও সৃজনশীল লেখাগুলি পাঠক মহলকে আকৃষ্ট করবে, এই ব্যাপারে আমরা আশাবাদী।

**ধন্যবাদান্তে**

**ড. রাকেশ জানা**

**ড.** অর্পিতা রাজ

ড. **রাজকুমার বেরা**

# সূচীপত্র

## বিভাগ - কবিতা (বাংলা)


১। মনের হদিশ - ড. রাজকুমার বেরা ১

২। বিবর্ণ বসন্ত - সোমনাথ রানা ৩

৩। চপের আত্মকথন - ড. রাকেশ জানা ৪

৪। **উত্তরাধুনিক** - অমর্ত্য পানি ৫

৫। জীবন সন্ধ্যা - অভিষেক চক্রবর্তী ৭

৬। আমাদের শারদীয়া - রামশেখর মুখার্জী ৮

৭। পৌরষাবৃত সমাজে ওরা শুধুই 'মাগি'- বিশ্বদেব রাজবংশী ৯

৮। বৃক্ষগাথা – কাকলী মাঝি ১১

৯। অভিযোজিত ভালোবাসা - ঋত্বিক দে ১২

১০। মা সরস্বতী – লিপিকা মাহাত ১৩

১১। মেয়েটির নাম দুর্গা - নীলাঞ্জন গাঙ্গুলী ১৪

১২। অপেক্ষায় – সেখ আম্মারুল ১৬

১৩। করোনার শত্রু - শুভদীপ সরকার ১৭

১৪। টুপ-টাপ–টুপ - প্রতিমা পাল ১৮

১৫। অকবি – সৈকত মাইতি ১৯

১৬। জীবন – অনুশ্রী দাস ২০

১৭। নিয়তির খেলা – তনুশ্রী মণ্ডল ২১

১৮। ভোর – হিমাংশু শেখর বধূক ২২

১৯। ব্যথা – মঙ্গলা প্রতিহার ২৩

২০। স্বপ্নের অপমৃত্যু – সুস্মিতা দাস ২৪

২১। ভারত-ভারতী – দেবীপ্রসন্ন সাউ ২৫

২২। বিরহ – শ্রীকৃষ্ণ ২৬

## বিভাগ - কবিতা (ইংরেজি)


1. Divided Self – Satyajit Maji ২৭
2. YOU – Punam Laga ২৮
3. Friends – Suvasish Das ২৯
4. I Dream of - Shreyashi Maity ৩০
5. The Meeting – Nilava Chakraborty ৩১
6. Intellectual Independence of Mother India ৩২
   – Sourav Khanra
7. The Unheard Cry – Sumita Mahal ৩৩
8. Afghans - The Living Dead - Sumanta Das ৩৪


## বিভাগ – প্রবন্ধ


১। Festivals of Santals, an 'eco-system' people: A Discussion ৩৫
- Dr. Arpita Raj

২। Negative impact of online classes on students ৪১
- Mr. Surendra Patra

৩। Pulse Width Modulation - Bhairab Mandal 88

৪। **রূপকথা** - সৌজিৎ পান ৫০

৫। **একালের সারথি** - সাইদা ফৌজা নাজ ৬০

## বিভাগ – চিত্র


**1.** Dr. Rakesh Jana ৬৩

**2.** Abhishek Chakravorty ৬৪

**3.** Anisha Rahaman ৬৫

**4.** Sumita Mahal ৬৭

**5.** Bristidhara Dey ৬৮

**6.** Alokita Maity ৬৯

**7.** Subhranil Ghosh ৭০

**8.** Rima Chhatait ৭২

**9.** Sonami Chakraborty ৭৩

**10.** Susmita Maji ৭৪

**11.** Sumita Mahal ৭৫

**12.** Sourav Manna ৭৮

**13.** Shibsankar Das ৭৯

# বিভাগ- বাংলা কবিতা

## মনের হদিশ

ড. রাজকুমার বেরা
সহকারী অধ্যাপক

মনের উদবাস্তুতা, মানেই জরাজীর্ণতা
মনের স্টিমইঞ্জিন মনকে বোঝায় তবু
জীবন গতিশীল, জীবনমুখী নয় কিন্তু –
মনের অস্পৃশ্যতা মনকে ঘিরে ধরে –
স্বপ্নহীন স্বপ্নময় উৎশৃঙ্খল জীবন যাপনে।

সামাজিক জীবনমগ্নতা, অসামাজিক তার বহিঃপ্রকাশ
সত্তাকে টেনে আনে এক প্যারানয়িক জগতে
সুস্থ মন বোঝানোর প্ররোচনায়-
ছুঁড়ে ফেলে জীবনরত্ন শূন্যে, আস্ফালনে।

গতিময় পৃথিবীর গতিময় জীবনে
চলতে থাকে মানুষের কালজয়ী আনাগোনা,
মানসিক শান্তি বিষিয়ে, উর্বর বীজের সন্ধানে-
মানতে চায়না মনের ভরাকোটালকে।
চাই তোমার অবকাশ ? জীবন পিপাসায় জর্জরিত তুমি-
চরণযুগল রক্তাক্ত -বিদীর্ণ

সত্যের সন্ধানে, অসত্যের মাঝে-
তুমি কি চোরাবালি?

জীবন জিজ্ঞাসা মনে জাগায় চেতনা
সুস্থতার প্রতীক নিয়ে, স্বতন্ত্রতার লড়াইয়ে
শুনেছো কি তুমি কান পেতে জীবন মহারণ
হয়তো বাধবে নতুন 'ট্রয়' কিংবা 'সাইবারওয়ার'।



I fear the crowd of my brothers with stony faces.

- Leopold Sedar Senghor

# বিবর্ণ বসন্ত

সোমনাথ রানা
সহকারী অধ্যাপক, ইতিহাস বিভাগ

আমার বসন্ত আসে সাদা কালো রঙে,
শীতের করাল গ্রাসে ছিন্ন কম্বলের নিচে
শুষ্ক ত্বকের রক্তিম আভা মুছে দিতে।
ধূসর গোধূলী পথে হেঁটে গেছি,
নগ্ন পায়ে অবিরত রক্তক্ষরণ।
মধ্য গগনে জ্বলন্ত রবির প্রতাপে
উত্তপ্ত বালুকা রাশি।
পেরিয়েছি কণ্টক বেষ্টনীর গহন আরণ্যানি।
এত কষ্ট পাইনি তখন।
তৃষ্ণার্ত শুষ্ক কণ্ঠে জীবনের আর্তনাদ শুনেছি।
বুক ফেটে যায় নি এমন।
নিশ্বাস প্রশ্বাস এ বিষাক্ত বায়ু নির্গত
মৃত্যুর পথে হেঁটে যাই অবিরত।
দিন দিন আয়ুহীন হতে হতে
অন্তিম প্রলাপ বকে যেতে
কখন বিদায় নেবো সেই দিন গুনি।
জীবনের সব মায়া রেস,
সব চাওয়া পাওয়া শেষ,
ডাকছে শুধুই ঘুমের দেশ।

## চপের আত্মকথন

ড. রাকেশ জানা
সহকারী অধ্যাপক, বাংলা বিভাগ

মুচমুচে স্বাদ! জিভে জল-
তাড়াতাড়ি আনো চপ ভেজিটেবল।
এখানে দুটো দেবে কর না লেট,
চটজলদি আনো কাটলেট।
বিটনুনেতে খোলে স্বাদ,
চায়ের প্লেটে ডেভিল যাবে না বাদ।
ননভেজ তুমি নিও না চাপ
স্টাটারে পাবে চিকেন চাপ।
বিকেলে আড্ডায় বাগাড়ম্বরি
সঙ্গে মুড়ির পাবে ফুলুরি।
কেউ বলে 'বোম' কেউ বলে 'চপ'
গরম গরম খাবে গপাগপ।
বেসনে ডুবিয়ে আলুর পুর
তেলে ভাজলেই খুশির সুর।
পেঁয়াজি, পাকুড়ি বা বেগুনি –
চপেরি জাত ভাই বেজায় চিনি।
খেতে ভালো তবু ভাঙে স্বাস্থ্যবিধি
ডাক্তার বলেন খাবেন না নিরবধি।
অম্বল গ্যাস বদহজম
শরীরে অনেক জ্বালা আয়ু কম।
এসব ঢপের চপে না দিয়ে কান
অল্প তেলেই ঘরে ভেজে খান।

## উত্তরাধুনিক

অমর্ত্য পানি
সহকারী অধ্যাপক, ভূগোল বিভাগ

হরিদাস স্বামী তুলে দেয় হাত, জানালা পায়ের ছবি-
গান্ধার, বৃজি গড়িয়ে নেমেছে কাদা-মাটি লিচ্ছবি।

দারা শিকো এক দোসরের খাতা ঐতিহাসিক জ্বরে,
শেকড়ের মাটি তুলসিদাসের বিধানসভার ঘরে।

রাজার সভায় মেঘমল্লার, অন্তরা, সঞ্চারী-
আমরা দু'জন যুগলবন্দী, পরাজিত হতে পারি।

এই পরাজয় কবির-লালন, সন্ত সুফির চোখে
আমরা দু'জন একটি ছাতায়, বব ডিলানের ঝোঁকে।

পরাজয়গুলো জিতে যায় দ্রোহ, বিপর্যস্ত হলে-
আমরা দু'জন পোড়া সিগারেট, আগুন জিতবো বলে।

আমাদের কথা এসরাজে কাঁদে, বাউলের একতারা
শেখায় মানুষ ধর্মে একক কীর্তনিয়ার পাড়া।

গুয়ের্নিকা পড়েছি আমরা, পিকাসো পাঠোদ্ধারে;
আকন্দফুল গাইতে গিয়েছি ব্রহ্মপুত্র পাড়ে।
আকন্দফুল আদিম গ্রন্থি, খাজুরাহো লেগে থাকে-
আমরা দু'জন সকাল পায়রা বকম্ বকম্ ডাকে।

মাটির প্রদীপে জ্বলেছি আমরা, আমাদের দেহ জল;
পুড়ে যাওয়াটুকু, ভেসে থাকাটুকু আমাদের সম্বল।

এই সম্বল বড় সামান্য, কতো দূর যাওয়া যায়-
বিসমিল্লার সানাই বলল, এইখানে চলে আয়।

## জীবন সন্ধ্যা

অভিষেক চক্রবর্তী
সহকারী অধ্যাপক
বিভাগ- ইংরেজি

আঁধারে এলো যে ঘনিয়ে,
মৃত্যুর হাতছানি।
শোণিত ফলাকা শানিয়ে,
ধ্বংসের এক বাণী।

মৃতেরা করে আনাগোনা,
এলোমেলো এই পথে।
মৃত্যুর পরে জীবন,
মানুষেরই যে হাতে।

তবু চলে প্রতিরোধ,
আড়ালে আবডালে ।
ন্যায় খোঁজে প্রতিশোধ,
দুঃস্বপ্নের এই কালে।

I sat in the dark and thought: There's no big apocalypse. Just an endless procession of little ones. - Neil Gaiman

## আমাদের শারদীয়া

রামশেখর মুখার্জী
সদস্য ও সহায়ক ,পরীক্ষা নিয়ামক বিভাগ

শারদ প্রাতের নীলাকাশে আগমনীর গান,
একতারাতে বাউল সুরে মিলেছে মোদের প্রাণ
তুমি আমার আকাশ ভেজা স্নিগ্ধ চোখের মায়া
পূর্ব দিগন্তে তোমার রূপে মেঘ নিয়েছে কায়া।
তুমি আমার স্বপ্ন মধুর সূর্য কিরণ দিশা
তুমি আমার শরৎ সখী, সবার মনীষা;
নিক্কণ আজ হচ্ছে ধ্বনিত -হৃদয় পাখি চন্দ্রা
তুমিই তো সেই অপরাজিতা হরণ করেছ তন্দ্রা।
উজ্জ্বল দিন তোমাতে বিলীন আমাদের শারদীয়া
আমার আমি মিশেছে বৃত্তে, কেন্দ্র তোমার হিয়া;
তুমিই তো সেই আলতো বাতাস পাখির কূজন-
ফুলদোলা তোমার মেঘের রঙিন তারায় ঢেউ খেলে যায়
দুইবেলা,পদ্মকলির গোপন প্রকাশ তোমার ঠোঁটের কোনেতে
আলতা মাখা চরণ তোমার কুসুমপাত্রখানিতে
নিদ্ মহলে পাল তুলেছে তোমার প্রেমের অঞ্জলি
সেই খানেতেই হৃদয়গাথা উঠিল প্রাণ চঞ্চলি।
তোমার আমার শারদীয়া আজ পরাগ মেশা সুরবাণী,
উমা এলো সানন্দে গো, সে যে নন্দিনী;
থাকব সাথে, তোমার সুরে শারদীয়া আর ছন্দেতে
যেমন থাকি তোমার সাথে, সকল ভালোমন্দতে।

## পৌরষাবৃত সমাজে ওরা শুধুই 'মাগি'

বিশ্বদেব রাজবংশী
সহকারী অধ্যাপক, ইংরেজি বিভাগ

জাতীয় সড়কে একটা বাঁক,
ডানে শুকনো পুকুরসামনে লম্বা বেঞ্চ। ,
বসে আছে বিভিন্ন বয়সের রমণীরা।
ঠোঁটে লাল লিপস্টিক বারকারোর আ ,বক্ষে ব্লাউজ ,
অর্ধ উন্মুক্ত নুইয়ে যাওয়া বক্ষ।
প্রত্যেকেই বসে আছে খরিদদারের আশায়।
প্রেসার কুকার থেকে সিদ্ধচালের নিঃসৃত বাষ্প
আর পেঁয়াজরসুনের উগ্রগন্ধে প্রকাশ পাচ্ছিল-
গতরাতের ক্লান্তির অভিব্যাক্তি !

বসন্ত আসে পাতা ঝরে
সড়কের দু পাশের বেঞ্চগুলি ভর্তি করে।'
বর্ষায় উপচে ওঠা পুকুরের জলে
আজও ওরা নিতম্ব ভেজায় অঙ্গ জুড়ায়। ,
নর্দমার পাশে অভুক্ত কুকুর
সিক্তনাকে ফেলে দেওয়া কন্ডোমগুলোকে খাবার
ভেবে কিছুক্ষণ ঘ্রাণ নেয় তারপর ,
লকলকে জিভ দিয়ে কিছুক্ষণ চাটে।
শেষে ক্লান্ত হয়ে টলতে টলতে ফিরে যায়।

শেষবার শ্মশানঘাটে যাওয়ার সময়
চলন্ত লরিতে দাঁড়িয়ে থাকা এক পৌঢ় তার লোলুপ

দৃষ্টিতে ওদের বলেছিল '–মাগি ,'কোন প্রতিবাদ
করতে পারিনি। বলতে পারিনি ওরা মানুষ,
ওদের নাম আছে?'মাগি' তবু ওরা কেন শুধুই ,পরিচয় আছে ,
ওদের নিয়ে রিসার্চ হয়... ফিল্ম হয় ,
তবুও সড়কের দুধারে পাতা বেঞ্চগুলো
কখনও ফাঁকা থাকে না।

বিকল্প পথের সন্ধান না করে
পৌরষাবৃত সমাজ ওদেরকে একটাই পরিচয় দেয় ।'মাগি'–

## বৃক্ষগাথা

কাকলী মাজি
ইংরেজি বিভাগ,স্নাতক

এখন তুমি কষ্টসহিষ্ণু
ওহে ! ছায়াপ্রদায়িনী ছায়াতরু
ছোট্ট বীজ হতে সৃষ্ট তুমি
কীভাবে হলে জীবনদায়িনী ।
রৌদ্রপ্রকোপ মাথায় ধরে
স্বস্তি যে দাও হৃদয় ভরে।
বৃষ্টি বাদল বজ্র মেঘে
উন্নত শির যায় না নেমে।
ঝলসে যাওয়া পত্রবিশেষ, রৌদ্রপোড়া তনু
শ্রাবণ ধারায় ছোঁয়ায় দেখো, সাতরঙা রামধনু ।
হায় ! ফলদায়িনী প্রাণময়ী
কষ্ট যে তোমার চিরদিনই।
কাষ্ঠ দ্বারা নির্মিত গৃহ, পুষ্প দ্বারা সজ্জিত
তোমার ধ্বংসে লিপ্ত তবু, অমানুষেরা উন্মত্ত
শ্বাসের উৎস, পাখির আলয়
তবুও জীবন তোমার সঙ্কটময়।
বলে, যায়না  শীত একতা মাঘে
বুঝি দিনটা তোমার এল তবে।
প্রাণঘাতক নৃসংশক, পশুরূপীর দল
করোনা এসে কেমন তোদের, জব্দ করলো বল।
ভালোবাসার যত্নে আছে জীবনধারার সুর
একটু খেয়াল রাখলে তাঁকে, বাঁচবি তোরা মূঢ়।

ভগ্ন হলে স্বেচ্ছাচার, মৃত্যুলীলার উপসংহার
করবে তুলে জীবন আবার, সুস্থ-সবল চমৎকার।

## অভিযোজিত ভালবাসা

ঋত্বিক দে

নিষ্প্রাণ অবয়ব ছোটে প্রাণের সন্ধানে
অভিযোজিত হবার নেইকো সময়
জীবাশ্ম দিয়ে উঁকি পলেস্তারার গোপনে
মনের ফিনিক্স বাঁধিয়েছে বাসাও নিশ্চয় ।
ডারউইন যেথা বিকল্প গল্পের খোঁজে
কুহুধ্বনি ডাক ছেড়ে করেছিলে আলাপন,
অন্ধকার চেয়েছিল মুক্তি পূর্ণিমার সাঁঝে
দূরবীন রচেছিল মোর ভালবাসার সন্ধিক্ষণ ।
সেই সৃষ্টির গল্প প্রতিধ্বনিত জাদুঘরে
নিষ্প্রাণ ভালোবাসায় তোমারই সঞ্চার,
সময়ের কাঁটা প্রোথিত হৃদমাঝারে
তোমারি হাতের স্পর্শে হোক মোর ভালোবাসার বিস্তার।

## মা সরস্বতী

লিপিকা মাহাত
স্নাতকোত্তর, ইতিহাস বিভাগ

সরস্বতী মা গো তোমায়
করছি ডাকা ডাকি
তবু তুমি আমার কথা
শুনতে পারছো নাকি।
মাগো আমার অনেক আশা
রেজাল্ট ভালো করি
তাইতো তোমার পায়ে ধরে
করছি ডাকাডাকি।
একটু বিদ্যা দাওনা মাগো
তোমার ঝুলি থেকে
তোমার কাছে অনেক আছে
কি হবে এত রেখে।
আমি সফল হলে মাগো
আমার হবে সুনাম,
তোমার পায়ে মাথা রেখে
তাইতো করি প্রণাম।

## মেয়েটির নাম দুর্গা

নীলাঞ্জন গাঙ্গুলী

মেয়েটির নাম দুর্গা সরেন
কোন একটা মফঃস্বলের,
নাম না জানা কোন সাঁওতাল গাঁয়ে থাকে।
সূর্যের প্রথম কিরণে,
যখন নীল পদ্মের পাপড়ি বিকশিত হয়
তখন ব্যস্ত হাওড়া স্টেশনে নেমে,
আধ মাইল হেঁটে সে বাবুদের বাড়ি যায়।
পরপর তিন, তিনটে বাড়িতে কাজ করে –
ঠিকে ঝিয়ের কাজ।
ক্লান্ত পায়ে পরিবারের সুখে থাকার খোরাক
জোগাড় করে বাড়ি ফেরে সন্ধ্যে ছ'টায় ।

মেয়েটির নাম দুর্গা সরেন,
মা দুর্গার মতোই তার চার ছেলে-মেয়ে,
স্বামী ও শিবের মতই, নেশাখোর-বাউন্ডুলে,
রান্নার হাত ঠিক যেন অন্নপূর্ণা।
আকল পড়া দশ হাত –দশ দিকে মেলে,
সামলায় ঘর ও বাহির ।
একদিকে উত্তম রাঁধুনি, ঠিকে গৃহিণী
অন্যদিকে ম্যাট্রিক পাশ; ছেলেমেয়ের শিক্ষাদায়িনী।

মেয়েটির নাম দুর্গা সরেন,
অভাব তার নিত্য সঙ্গী ,

কুড়িয়ে – বাড়িয়ে সংসার চালানো
সিদ্ধহস্ত  বিদ্যা তার।
জীবনে কখনো একটাকাও –
মেহনত ছাড়া নেয়নি কারো কাছে ।
জন্ম থেকেই খিদের জ্বালায় ভুগেছে,
কর্মের মুল্যটা, তাই এত বেশি বুঝতে শিখেছে ।

মেয়েটির নাম ছিল দুর্গা সরেন,
যে বাড়িতে কাজ করতো,

গিন্নির নাকি গয়না চুরি গিয়েছিল,

প্রায় লাখ টাকার গয়না !
আর তার সাথেই চুরি গেছিল-
দুর্গার চার বছরের বিশ্বস্ত থাকার দামটা ।
দিনটা, অকালবোধনের চতুর্থী,
শরৎ শুভ্র মেঘেও, কাজল কালো আষাঢ়ের
একটা অস্পষ্ট ইঙ্গিত।

এক বাড়িতে চোর বদনাম পাওয়ায়
আর কোন বাবুই তাকে ঝি রাখতে চায়নি।
কাজেই নিরুপায় গোল ফাঁসটাই ছিল,
তার জীবনের অলিখিত পরিণতি ।
বোধনের আগেই হল বিসর্জন,
আরো এক নাম না জানা দুর্গার,
চিরকালীন সমাপ্তি ।

## অপেক্ষায়

সেখ আম্মারুল,
ভূগোল বিভাগ,

আমার রাত জাগা স্বপ্নের বীজগুলো দিক-বেদিক,
একই কথা স্মরণ করে।
অভিশপ্ত নমুনার দিনগুলো
বিরহের চিত্র অঙ্কন করে ।
কলমের স্পর্শে মানবিক বঞ্চনায়
গুগলের সঙ্গে আবেগাপ্লুত।
টিউশন না যাওয়া অস্থির সাইকেলটি
একাই মেসে পড়ে থাকে
বিদ্যার্থী বন্ধুদের প্রতিচ্ছবি
আজ হঠাৎ !
খাতার মাঝে অস্থিরতা করে তোলে।
ভাইরাসের প্রকটে বিচ্ছিন্নভাবে
আমি একাই অধীর অপেক্ষায় !
আমি রাতজাগা আনমনা পথিক।
আমি প্রতি রাতের প্রদীপ
আমি একঘেয়ে প্রকৃতির জড়তা
প্রলয় মেটানো রাতের সভ্যতা।

## করোনার শত্রু

শুভদীপ সরকার, জীববিদ্যা বিভাগ

বিভেদ আছে দেশে দেশে,
বিভেদ আছে বিদেশে ;
কিন্তু করোনা ভেঙেছে সব বিভেদ,
আক্রান্ত করেছে রাজা থেকে প্রজাকে
বিভেদ আছে মতে,
বিভেদ আছে ধর্মে;
কিন্তু করোনা ভেঙেছে সব বিভেদ,
আক্রান্ত করেছে নাস্তিক থেকে আস্তিককে।
আনেক হয়েছে তোমার খেলা,
হয়ে এসেছে যাবার বেলা ।
মানুষ হয়েছে গৃহবন্দি,
তুমি হবে এবার ফ্রেমবন্দি
ইতি,
করোনার শত্রু
কোভ্যাক্সিন।

## টুপ-টাপ -টুপ

প্রতিমা পাল

সারাদিন টুপ-টাপ –টুপ,
থামবে কী তোমার
এ ভেজা রূপ ?
সকাল থেকে শুরু হল
এইবার কী গেল,
ভয়ে ভেবে ছোট্ট খুকি
লুকিয়ে থাকে আজ।
সোনার রোদ আসবে যখন,
বাইরে বেরোয় যখন-তখন,
দরজা খুলে তাকিয়ে থাকি
আর কিছু কী আছে বাকী ?
ঢেলে দিলে তো সব রূপ,
এবার কী থামবে তোমার
টুপ-টাপ –টুপ !
দেখতে পেলাম সোনালি রোদ
শুকনো ভেজা মাটি,
ছোট্ট খুকি হেসে বলে
এই তো আমার মাটি...
আকাশটা তখন ছিল কালো
এবার হল নীল,
লুকিয়ে থাকা রঙগুলো যেন,
চারিদিক করে দিল রঙিন।

## অকবি

সৈকত মাইতি

কবি আমি নয় যে মোটেই,
খেয়াল খুশি চালাই কলম ;
কবিতায় লিখি রোজ যতটুকু,
খুঁজে নিও তাতে মনের মলম।

আমরা যারা এমনই লিখি,
ভুল ত্রুটি তো অনেক থাকে;
তবুও বুঝতে চেষ্টা করি,
মন দিয়ে মনের আবেগটাকে।

আমার তেমন ভাষাজ্ঞান নেই,
ছন্দ শেখাও অনেক বাকি;
ভেবে বলতো আজ তোমরা,
নিয়মে মন বাঁধা পড়ে কি ?

তাই যে কিসব হিজিবিজি লিখি
ভালবাসা পাই, নিন্দো পাই,
কবি হওয়ার যোগ্য না তুই !
সব শেষে আমি মনকে বোঝাই।

## জীবন

অনুশ্রী দাস
ML.T

জীবন যেন ধন্য আজ, জীবন যেন মুক্তি,
জীবন হল চিরদিনের পাশে থাকার চুক্তি ।
জীবন যেন পথভোলা মরু ঝড়ের হাওয়া,
জীবন ছিল হারিয়ে যাওয়া ছোট্ট কুটির ছায়া।
অজানাকে জানা আর সত্যকে জয়,
হার-জিত সবই ছিল মিথ্যে কিছু নয়।
আকাশ ছুঁতে পারব কিনা জানা আমার নাই,
দিনে-রাতে হোঁচট খাওয়া জীবনটাতেই হয়।
ঝড় বৃষ্টি আসবে যাবে কত শত পাড়ে,
মিটবে নাতো ইচ্ছে স্রোত সেই ঝড়ের আঘাতে।
বন্দি জীবন চাইনি তাই, চেয়েছি এই মুক্তি।
ভিড়ের শেষে পাব যেথায় আশার আলো একটি।
চলার পথ একলা হলেও চলতে হবে আজ,
সঙ্গী হবে নিজের ছায়া ভয় করিনা তাই ।
ঘুচবে আঁধার আসবে সকাল জয়ী হবে সত্য।
মিটবে কালো জ্বলবে আলো জীবন হবে স্পষ্ট।

## নিয়তির খেলা

তনুশ্রী মণ্ডল, M.A

এই পৃথিবীর গোলকধাঁধায়
ঘুরছে নিশিদিন
সুখে-দুঃখে আমার জীবন
কাটছে প্রতিদিন ।

মায়ার জগতে খুঁজি
থাকুক সব সময় রঙিন দিন,
অজানা রোগের আতঙ্কে
হারিয়ে না যায় একদিন ।

পুরনো দিনের মুক্ত স্বপ্ন
করি আজও স্মরণ
প্রকৃতির রূপকে করতাম সমর্থন,
খোলা মনে সব কিছু করতাম গ্রহণ ।

জানিনা কিভাবে পাল্টে গেল
আমার পুরো ভুবন,
ফিরে পাবনা আগের জীবন
হলো মনের এক নবীকরণ ।

ভালো মন্দের বধির জীবন
জানিনা কোন কারণ
নিয়তির হাতে পুতুল হয়ে
ভাগ্যের অধীনে আসবে মরণ ।

## ভোর

হিমাংশু শেখর বধূক
স্নাতকোত্তর, বাংলা বিভাগ

এই তো সবে জ্যোৎস্না আলো
বেরিয়েছে আকাশে,
নরম সাদা পাথরের উপর
পড়ছে তার ছায়া
তবে কী ভোর হয়েছে ?
আঙিনায় দোয়েল ডাকে
বাঁশবন থেকে ভেসে আসে কোকিলের ডাক,
মাঝে মাঝে প্যাঁচার নিরন্তর ধ্বনি,
সাদা আকাশে জমাট বেঁধেছে কালো মেঘ
তবে কী ভোর হয়েছে ?
ঢলে পড়া দুটি চোখ সবুজ দেখে,
প্রান্তরে ঘুরে বেড়িয়েছে আমার হৃদয়,
বারবার যেন ফিরে আসতে চায়
সেই ভোরের কাছে।
একাকী অর্জুন হয়ে নিঃশব্দে !
আমি ডুবে আছি লাল গেলাসের
গভীর খাদে।
আমি সাঁতার দিচ্ছি নীল গেলাসের
অন্তরমহলে।
জীবন সায়হ্নে জেগে উঠে দেখি
ভোর হয়েছে,
যেতে হবে অনেক দূরে
পথ এখন বাকি আছে।

## ব্যথা

মঙ্গলা প্রতিহার
স্নাতকোত্তর, বাংলা বিভাগ

কাকে বলবো আমাদের কথা,
কে বুঝবে এই দীন দরিদ্র, অসহায় মানুষের ব্যথা।
আমরা এই দেশের নাগরিক, আমরা ভারতবাসী।
আমাদের অপরাধ আমরা দরিদ্র, কুলি
জনমজুর বা ভাগচাষী
লেখাপড়া জানিনা মোরা, অর্থও নাই।
যে যা খুশি বলতে পারে,
যেন কোন বাধা নাই।
সুখের কথা ভাবিনা মোরা, দুঃখ তাতে বাড়ে।
যে দিন আনি যে দিন খাই নইলে অনাহারে।
ঝড়- জল- রোদ- বৃষ্টি তবুও কাজের আশায় যাই
দু-মুঠো খাবার মোদের জোগাড় করা চাই।
মান অপমান দুঃখ কষ্ট লাগে না গায়।
এই তো বেশ বেঁচে আছি ভগবানের দয়ায়।
রোদে পুড়ি বৃষ্টিতে ভিজি ভাঙা ঘরে মোদের বাস
ভোগবিলাস আনন্দ উৎসবে
অলসতার নেই তো অবকাশ।
অপবাদ অপমান দুঃখ ভরা জীবনে,
শুধু যন্ত্রণা আর যন্ত্রণা ।
এদেশের কাছে লড়াই, জীবনে শুধু বেঁচে থাকার লড়াই।
লড়াই করে বাঁচতে চাই।
কিন্তু আর কতদিন, আমরা ক্লান্ত পরিশ্রান্ত,
চিতায় বা কবরে গিয়ে, আমরা একেবারে হব শান্ত।

## স্বপ্নের অপমৃত্যু

সুস্মিতা দাস
স্নাতকোত্তর, গণিত বিভাগ

আমরা যারা বাঁচার আশায় রোজ নতুন নতুন স্বপ্ন সাজাই
প্রতিটা দীর্ঘশ্বাসে তারাই সর্বস্ব খোয়াই।
প্রিয় অভিনেতা, অভিনেত্রীর চরিত্রে মনোনীত
মধ্যবিত্ত বাবা মা রা
কত রাত অভুক্ত থেকে সন্তানের স্বপ্ন বাঁচায় সেটা কেবল আমরাই জানি।
ফুটপাতে ফুল বিক্রি করতে থাকা মেয়েটা কিংবা
লোকাল ট্রেনের সেই হকার ছেলেটাও স্বপ্ন দেখে
ভালো থাকার,
কিন্তু ভালো রাখার কর্তব্যে প্রতিনিয়ত ধাক্কা খেতে থাকা
স্বপ্নগুলো একদিন মারা যায়,
জায়গা পায় দূরের কোন ডাস্টবিনে।
হাঁ আমরা এমনি এক শহরে বাস করি যেখানে মধ্যবিত্ত
বাবা মা আজও রক্ত বেচে স্বপ্ন কেনে।
আমরা নিম্ন মধ্যবিত্ত।

## ভারত-ভারতী

দেবীপ্রসন্ন সাউ

ভারত দেশ মোদের ধরমের দেশ
রহিছে এখানে তবু কেন বিদ্বেষ ?
তপন উদিত হলে আঁধার পলায়,
দেশ যে স্বাধীন তবু কেন ভীতি রয় ?
শঠতা বাড়িছে আর সন্ত্রাস ভয়,
মোচন কেমনে হবে জাগিছে সংশয়।
দেশেতে নাহিগো আজ গান্ধী ও সুভাষ,
রঞ্জিত করিবে দেশ নাশিবেগো ত্রাস।
ধরিবে দেশের হাল কেবা আছে নেতা,
রক্ষিবে মোদের দৃষ্টি উচ্চে রবে মাথা।
মেধাবী নেতারে সেই করি আহ্বান,
রঞ্জিত করিবে দেশ বাড়াবে ইমান।
দেশবাসী যুক্ত হবে প্রেমের বন্ধনে,
শহিদের ইতিহাস রাখিবে স্মরণে।

## বিরহ

Srikrishna

বিরহ
সে যে এক
অদ্ভুত সুন্দর যাতনাময়ী !
সে কথা জানা হতো না তুমি না থাকলে ।।
বিরহ
না থাকলে, কবির
কবি হয়ে উঠা হতো না ।
বিরহ
না থাকলে, কবির
কবিতার মানেও খুঁজে পেতাম না ।
বিরহ
না থাকলে,
আমার আমিতে, তুমি
আজ, আমি হয়ে থাকতে না ।
বিরহই,
প্রকৃতিকে নতুন রূপে,
নতুন সাজে চিনতে শেখায় ।
বিরহ না থাকলে,
মিলনের আনন্দ কোথায় ?
বিরহই মিলনের প্রকৃত ইন্ধন জোগায় ।।

# বিভাগ - ইংরাজী কবিতা

## Divided Self

Satyajit Maji
MA (English)

It's because of the unseen laaws in the world
I'm separated from my self
I've your sweet rememberance,
With you our mutually rejected love.

You steal my heart
The world loots my love
My corpse is of one
My heart is of other.

That I'll get you in my dream
I have lost this scope even
How can I get your dream,
As I can can't sleep!

**YOU**

Punam Laga
PG ,Dept.- English

I want to love you in that way
Which is still invisible to the lovers of the universe.
Because you are the wings
That make me fly.
You are the rhythm of my verse
And you are the only one
Who makes my dreams so high.
Let's make a world for us
Which only dwells for you and me.
Let's break the gate of my limits
Because you are the only key.
I want to love you with all my heart
So that no one can snatch you from me.



**Friends**

Suvasish Das

Beauty is a dream;
Don't touch, it will be fades away.
Life is a story;
Don't write, it will be perished.
Mind is a temple;
Don't break, you will commit sin.
Friend is own;
Don't forget, you will lose oneself.

## I Dream of

Shreyashi Maity
PG ,Dept. - English

A better tomorrow, there will be no cruelty, no harmful disgust
A trustworthy tomorrow with shining armor.
A caring tomorrow, where the thousand sleepless nights
will be in sleepy mood in their mother's lap.
A pure tomorrow, where will no codependency,
the broken generation will be busy in healing and growing.
A healthy tomorrow, where the Pandemic will be turned into a devastated story in our yesterday dairy.
Pure breathe will be surrounded by us,
two besties will seat in one brench and sharing their meals,
a maskless travel will be the witness of hundred reward smiles.
A free tomorrow, where cellphones will not dominate our daily life,
one day they will must get bored by their aimless scrolling.
A nutritious tomorrow, where children will must not be the victim of malnutrition,
there will be no chimney sweeper in Blake's artistic world.
A nonjudgmental tomorrow, where will no stupid rumors with a woman's virginity.
A suicide free world, where the adult population
will not be suffered from depression.
But there's no need any perfection
because the perfect is lame.
I dream of an unadulterated world,
where in between the amazing and awful
we need positive action to come true.

## The Meeting

Nilava Chakraborty
PG,Dept.-English

In the west when the sun will kiss the ground,
We will meet again casually waking around.
It'll be the time, when we both have a new start...
But for a moment it'll feel like we haven't got apart.
Gradually we will ask each other ' Hey! How're you?'
Even knowing inside what we are going through.

Even I know the answer from now, and it'll be the same!
But inside we'll not be alright like a shattered photo fame.
I'll be thinking of an unspeakable verse, which has come to an end,
And you will greet me again, just as an old friend.
It will be that same lake side, where we used to sit, talk or fight...
But now nothing will be the same... As the day remain or the night.

I wish the World stop spinning and we die,
And wake up in an eternity where will only be love and no lie.
Sometimes I wander if I'm the only one, do you even remember me?
Or it's just the distance between us that I can’t see!
I don't know where you're right now or if the God will allow...
But we will meet again... That's all, that's all I can say for now!

## Intellectual Independence Of Mother India

Sourav Khanra
P.G,Dept. - English

Hey! great Mother wake up
Let's watch your historic flag.
From the bottom to the top,
It touches the sky;
Also feel blossom of a new era,
For you the gentle wind carrying out aroma.
For you I am worrying from
Nights after nights and days after days,
It passed like thousand years.
And I am in a dilemma like Hamlet:
'To be help or not to be help',
As you are now free and not bound by any chain.
You must be proud as
You have the great Constitution.
Many Articles and Sections already pulled your hands,
Hold them for the name of freedom fighters.
Oh! the Paupers left to protest for themselves;
Now look, they only fights for your rights.
Hey Mother! for the name of our Constitution,
For the name of Bhimrao,
You must hold them and
You must get up like your rising flag.
Look at the face of helpless Farmers and Militaries,
At least wake up for these sons.
For the name of God,
I want to help you. So I must whisper:
'To be help or definitely to be help';
Gradually my love destroys this dilemma.
Look, Every body extends their hands;
Thank you for holding my hands, O great Mother!

## The Unheard Cry

Sumita Mahal

The small cute eyes opend
With a beautifull gleam of expectation
But the baces of her relatires darkened,
Exposing the true face of our nation.

She was unknown to everything,
Just then came a call 'Ting-Ting'
An womanly voice sighed,
God knows what was going on in her mind,
She disrobed the baby's clothes,
And threw her as it it was her foe!

Everyone was shocked but no-one tried
to-sare the girl child who constantly cried,
What sin had she done,
nothing but only one
To be born a girl was the outmost sin
Which took away her life like a pin.

## Afghans - The Living Dead

Sumanta Das
UG, Dept.- English

Oh, You, Afghan Troop

You are in such a power loop

Recapture of Power,

Through a huge blood shower

Think about the women and humanity

It's just like UK's vanity

Were you really trained? How Strange!

Is it true you are ready with modern Equipment?

So, tell me why your spine is bent

There is something mysterious behind

It's just like Corona spreading the fear worldwide

Oh, Great Ruler "Taliban " - You fanatic students!

What is the new process of Female recruitments?

Will the Women have to suffer again?

The hellish torture and excruciating pain?

Now the Afghans are totally under the bullet reign

Hope for the best  Amen, Amen, Amen||

# বিভাগ – প্রবন্ধ

## Festivals of Santals, an 'eco-system' people: A Discussion

Dr. Arpita Raj

(HOD, Dept. of Humanities)

India is a big bio-diverse country with many indigenous communities enriched and filled with different rituals and culture. Among them the Santals are highest in numbers and throughout the Eastern-India they live in many places. Their festivals, rituals, celebration and culture are different from main stream people. They celebrate a great number of religious festivals whole through the year. The festivals are not only occasions but deep-rooted customs and tradition of life. The enriched festivals make their life more colourful. It gives them variety, relaxation and freedom from boredom. The cheerful mind brings them peace and happiness. Religion being an important part of the Santal community's life manifests the brightness of their life. Each of the festival has its own rhythm and tone. The Santal people are very simple and decent. Their society gives us a glimpse of their homogeneity and equality. There is no hierarchy or the story exploitation in their society. This simplicity is reflected in their observance of nature-surrounded festivals. They keep their religious tradition alive and significant by the festivals. They have different worshipping system, different food for eating and different costume during their festivals. These festivals represent the feeling and identity of whole Santal community. Their rituals, singing, dancing, drinking and prayers are the essential features of the festivals. Their own feasting, merriment and celebration provide immense joy to them. The festivals of the whole Santal community intensify their unity in this rapidly changing world. There are very few examples of personal worship in the Santal community. They always enjoy their life in a group. Their festivals too do the same. This trait has helped them to sustain their indigenous identity. The Santal people always try to remain connected with nature. They take nature as the member of their society. The eco-cultural celebration of their festivals has separated them from modernized mainstream culture. Nature occupies an

important place in their culture.
Most of the Santal festivals are celebrated according to the environment. Nature plays an important role for their survival. The other elements extracted from nature are also used in their daily life. The Santal festivals are not only full of enjoyments with music and dance, but also signify the awareness about nature and environment. They are indeed, the worshipper of nature. They take it as their duty. Protecting and taking care of nature show their eco-cultural attitude and their love for nature. The aim of my paper is to show how the Santal community has expressed their love for nature and has maintained an ecological balance through their festival. They show their profound respect towards mother earth. They are very much concerned with the flora and fauna.

Without knowing any theory about the environmental awareness they worship God and Goddess all of whom are connected with nature. I will discuss how their fundamental aim in life is to build up a basic relationship with nature. They have a very less knowledge about global warming, deforestation, climate change, greenhouse effect and other pollution but they understand how important nature is in their life. For their own benefits, to live in a nature friendly atmosphere they have built up an eco-cultural relationship with nature. They prefer to live in forest amidst the trees. The first flower of sal and mohul of a season are offered to God and pray for rain. They know the medical values of sal ,mihul, karam and neem. They never support cutting trees like mainstream culture.

The Santals are the largest tribal group of India. They have entered to their homeland, Chota Nagpur Plateau through Assam and West Bengal. The Santal villages mainly consist of up to 30 houses built on one side of the road covered with trees to shade. Their festivals are so closed to their heart that they have designed it according to their agricultural year. The festivals change with the shift of season. They select the date of the festival looking at the season and environment. The village priest confirms it after the discussion with the elders of the village. The neighbouring villagers also participate and enjoy the festivals. The celebration of the festivals is postponed sometimes due to death of an important person in the village or for the menstruation period of the priest's wife or due the outbreak of disease like smallpox unlike the Hindu culture.

They never go against nature. They worship water, sun, land, fire, and stone i.e. that is call Panchabhutas. Generally the Santal people start their new year from the Bengali month Magh.

They continue seasonally like this:

1. Maghmura- A festival starts at the end of the month of Magh under the sal trees.
2. Baha- it comes as a spring festival of flowers in the month of Phalgun and Chaitra.
3. Eroy sim- A festival of agriculture in the Bengali month of Baisakh and Jaistha.
4. Asari- this festival starts under sal trees and then the tree plantation starts.
5. Karam- in the month of Bhadra it starts as the festival of germination of seeds.
6. Dasai- it comes generally in the month of ashwin i.e. October-November. The male members usually dance behind masks to hide their identity. Later women join with handful of grains.
7. Sohrai- a grand celebration in the month 'kartik' to worship cattle and cultivation.

There are also many festivals related to nature. Sometimes hill, sometimes on the process of cultivation and sometimes on the protection of trees they keep on celebrating their festivals with the fullest joy. In my paper I will discuss some of the select festivals through which they maintain a better ecological balance.

Baha : with the change of season nature decorates itself in her own way. It is celebrated by the Santals in the Bengali month of Falgun(February-March). It is the holiest and biggest festival of Santals to celebrate men's communion with nature. After winter nature and its surroundings begin to change beautifully. Everything remains tender and calm. The flowers, sprouts and saplings begin to come out with a kind of intoxicated aroma. The tribal people who lives near the jungle can understand that atmosphere is ready to welcome the Spring and flower festival i.e. Baha. Sal, Mahua,

Palash, Neem, Peepal, Mango too are in full blossoms. The Santals being overwhelmed with such beauty shower their reverence towards nature. Baha festival in another way also signifies the adolescent period of a girl who is ready to get married now. Nature is also treated in the similar way. The Santals believe that when nature is reproductive, people should not disturb her. That's why they don't pluck flowers, eat the fruits or cut off the leaves and brunches of the trees before the festival, Baha. Women also do not decorate themselves with Sal flowers before Baha. Baha is celebrated for two days in the full moon. They treat nature as a separate entity. They did not do any harm to the soul and body of nature. Pollination also occurs this time for propagating more trees, more fruits, more flowers to keep on biological diversity. Baha means the flower and the sight of blooming flower enchants them. As they live and try to remain in close contact with nature they never think of destroying them. Naturally they shower their love, affection and heart- felt respect on nature by celebrating the Baha. Without the presence of nature or other natural objects they don't do anything. They welcome the beautiful appearance of nature by worshipping them. Baha is celebrated for two days. The Naike or the priest goes to Jaher or puja place which is generally situated at the end of the village. The place is very beautiful and peaceful which is covered and thatched by the sal trees. They clean the place and start worshipping. In the second day some sal flowers are brought from forest by the young men. They offer chicks and then cook and eat them with rice beer. They prey to their ancestors for their well-being. They dance, sing,eat, and drink the whole day. While they sing the Baha song they blow pipes, and play the drums. The women of the village wash the feet of the Naike while he crosses before their house. The Naike then sprinkles water on them. The celebration of Baha fills the heart of the Santal with love. The way they treat the nature, express their love for nature is really praiseworthy.

**Karam:**

The santal people performs more duties towards environment than any other communities through their various festivals. They love mother nature the ost. Theirfestivals reflect the necessity of nature as the base or foundation of their culture. The 'Karam' festival is celebrated in the month of 'Ashwin'(October-November). This festival is also related with agriculture. It is held to celebrate the nature and fertility. The entire

‘Karam’ festival centers on the karam tree.
They completely dedicate themselves to nature. On the day of festival two bachelors take bath, go to the forest,cut down two branches of Karam tree and come back by singing and dancing.

They plant the branch in the ground by using cow-dung and decorate the plave with flowers. They paint the tree with ‘sindoor’ and pour rice-beer. The priest of the village sings ‘karam- binti’ narrating the significance of the festivals, the history of creation and the ‘karam Devata’.There was amyth regarding ‘karam Devata’ is that once two brothers threw the Karam tree angrily and they had to suffer a lot economically. They restored their fortune again by worshipping Him again.

